

💵 হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ সহি হাদিস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বিতর্কিত রাবি

রাবির আদালত বর্ণনার ক্ষেত্রে কেউ কড়াকড়ি করেন, কেউ শিথিলতা করেন। যিনি কড়াকড়ি করেন তার আদালতের স্বীকৃতি অধিক গ্রহণযোগ্য, যদিও ইনসাফের উপর প্রতিষ্ঠিত থাকাই উত্তম, কারণ কড়াকড়ির ফলে যেরূপে সহি হাদিস পরিত্যাজ্য হতে পারে, অনুরূপ শিথিলতার কারণে দুর্বল হাদিস সহি বলে ধরা হয়ে যেতে পারে। কতক সময় দেখা যায় কারো আদালত সম্পর্কে আলেমগণ দ্বিমত পোষণ করেন, যেমন কেউ বলেন: তার কোনো সমস্যা নেই। কেউ বলেন: তিনি নির্ভরযোগ্য। কেউ বলেন: তার হাদিস আমি ছুড়ে ফেলি, সে কোনো বিষয় নয় ইত্যাদি। এ ক্ষেত্রে অধিক গ্রহণযোগ্য মতটি গ্রহণ করব। এ বিষয়ে আরো জানার জন্য বড় কিতাব দেখুন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8367

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন